


জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন ঢাকার মিরপুরস্থ ১৬ নং সেকশনে (ধামালকোট) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের নিকট বিক্রির জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্পের (গৃহসূচনা) আওতায় ১৩৫৮ বর্গফুট (সিঁড়ি, লিফট, লবি ও কমনস্পেসসহ) আয়তনের অবশিষ্ট ১৫১ টি (কম/বেশী) আবাসিক ফ্ল্যাট বরাদ্দের

# প্রসপেক্টাস ও আবেদনপত্র

মূল্য : ১০০০/- (এক হাজার) টাকা মাত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

# Project Location and Project Layout








## ১.০। আবেদনকারীর যোগ্যতা ঃ

১.১ আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

১.২ আবেদনকারী যদি নিজ নামে, স্ত্রী/স্বামী (কর্মজীবি স্ত্রী/স্বামীর ক্ষেত্র ব্যতীত)/সন্তান/পোষ্য এর নামে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর)/রাজউক (সাবেক ডিআইটি)/অন্য কোন সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিন সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় প্লট/ফ্ল্যাট বরাদ্দ পেয়ে থাকেন তবে তিনি এই ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করার যোগ্য হবেন না। ইতোপূর্বে বরাদ্দপ্রাপ্ত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর করে থাকলেও তিনি প্লট/ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন মর্মে গণ্য হবে। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।

১.৩ আবেদনকারীর বয়স ১৬.০৬.২০২২ খ্রিঃ তারিখে ন্যূনতম ২৫ (পঁচিশ) বছর হতে হবে।

১.৪ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। বিদেশে কর্মরত আবেদনকারীগণ ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করবেন এবং চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর বরাবরে FC A/C. No-0211-130000300 হিসাবে SWIFT Code BKSIBDDH002, Basic Bank Limited (Main Branch), Motijheel, Dhaka, Bangladesh এর মাধ্যমে ১৫ (পনের) মার্কিন ডলার (অফেরতযোগ্য) জমা প্রদানক্রমে যেভাবে যে ঠিকানায় প্রসপেক্টাস পেতে ইচ্ছুক সে ঠিকানাটি ই-মেইল অথবা ফ্যাক্সযোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়কে অবহিত করলে (National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh, Phone : 88-02-9562762, e-mail: chairman@nha.gov.bd) সেই ঠিকানায় প্রসপেক্টাস প্রেরণ করা হবে। তবে এক্ষেত্রে ডাক মাশুলের খরচ আবেদনকারীকে বহন করতে হবে। ডাকযোগে প্রসপেক্টাস এর হার্ড কপি সংগ্রহ করতে না পারলে কর্তৃপক্ষের website (www.nha.gov.bd) হতে Download করে আবেদনপত্র গ্রহণ করতে পারবেন। শুধুমাত্র বিদেশে কর্মরতদের ক্ষেত্রে ডাউনলোডকৃত ফরমে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে।






# Typical Floor Plan
## 1358 Sft

## ২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় এবং দাখিল ঃ

২.১ ওয়ান ব্যাংক লিঃ এর নিম্নলিখিত শাখা সমূহ হতে ব্যাংক চলাকালীন সময়ে ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ প্রদান সাপেক্ষে প্রসপেক্টাস ক্রয় এবং আবেদনপত্র দাখিল করা যাবে:

| ক্রঃ নং | জেলা / বিভাগ | শাখার নাম | ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | ঢাকা | গৃহায়ন ভবন বুথ শাখা | ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ |
| ০২ | ঢাকা | রিং রোড শাখা | শম্পা সুপার মার্কেট, ৬/৭ আদর্শ ছায়ানীড়, রিং রোড, শ্যামলী, ঢাকা |
| ০৩ | ঢাকা | মিরপুর শাখা | আরএসএইচ টাওয়ার, প্লট নং-২৩, রোড-০৩, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা। |
| ০৪ | রাজশাহী | রাজশাহী শাখা | ৮৮-৯১, স্টেশন রোড, রানীবাজার, বোয়ালিয়া, রাজশাহী। |
| ০৫ | বগুড়া | বগুড়া শাখা | ৭৩৯/এ, বাবু টাওয়ার, বগুড়া-রংপুর সড়ক, বড়গোলা, বগুড়া। |
| ০৬ | রংপুর | রংপুর শাখা | শাহ বাড়ী টাওয়ার, ২৮৬, স্টেশন রোড, গুপ্তপাড়া, রংপুর। |
| ০৭ | বরিশাল | বরিশাল শাখা | কে জাহান সেন্টার, ১০৬, সদর রোড, কোতয়ালী, বরিশাল। |
| ০৮ | খুলনা | খুলনা শাখা | জে কে টাওয়ার, ৭৯ যশোর রোড, পিকচার প্যালেস, খুলনা। |
| ০৯ | চট্টগ্রাম | সিডিএ এভিনিউ শাখা | এভিনিউ সেন্টার, ৭৮৭ /এ, সিডিএ এভিনিউ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম। |
| ১০ | সিলেট | সিলেট শাখা | ফিরোজ সেন্টার, ৮৯১/ক, চৌহাট্টা, সিলেট। |
| ১১ | কুমিল্লা | কুমিল্লা শাখা | হোল্ডিং নং-৩৪৯, শহীদ খাজা নাজিম উদ্দিন রোড, বাদুরতলা, কোতয়ালী, কুমিল্লা। |
| ১২ | নোয়াখালী | মাইজদী কোর্ট শাখা | মাইজদী পৌর সুপার মার্কেট, মেইন রোড মাইজদী কোর্ট, ওয়ার্ড নং-০৪, নোয়াখালী পৌরসভা, নোয়াখালী। |
| ১৩ | যশোর | যশোর শাখা | এম এস অর্কিড সেন্টার, ৪৪ এম কে রোড, যশোর। |
| ১৪ | কুষ্টিয়া | কুষ্টিয়া শাখা | খুশি প্লাজা, ২৫৮ এমএস রোড, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া। |
| ১৫ | ফরিদপুর | ফরিদপুর শাখা | লাম শাহজাদী টাওয়ার, ২১৩ আলীপুর রোড, ফরিদপুর সদর, ফরিদপুর। |

২.২ আবেদনপত্রের সাথে যে কোন তফসিলী ব্যাংক হতে ১৩৫৮ বর্গফুট (সিঁড়ি, লিফট, লবি ও কমনস্পেস সহ ) আয়তনের ফ্ল্যাটের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে জামানত হিসেবে জমা দিতে হবে। যিনি ফ্ল্যাট বরাদ্দ পাবেন তাঁর জামানতের টাকা সংশ্লিষ্ট ফ্ল্যাটের মূল্য বাবদ পরিশোধযোগ্য প্রথম কিস্তির (ডাউন পেমেন্ট) সাথে সমন্বয় করা হবে।

২.৩ ইতোপূর্বে ঢাকার মিরপুরস্থ বাতিলকৃত আনন্দনগর প্রকল্পের লটারীতে বিজয়ী আবেদনকারীগণের মধ্যে অদ্যাবধি যারা জামানতের টাকা ফেরত নেননি, তারা এই প্রকল্পের ফ্ল্যাটের জন্য আবেদন করলে তাদের আবেদনপত্র অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে। সেক্ষেত্রে ২.২ অনুচ্ছেদে উল্লিখিত জামানতের টাকা হতে পূর্বের জমাকৃত ৫০,০০০/- টাকা বাদ দিয়ে অবশিষ্ট টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে জমা দিতে হবে। এছাড়া পূর্বের আবেদনের জমা রশিদের সত্যায়িত কপি, লটারীর ফলাফলের তালিকা আবেদনের সাথে জমা দিতে হবে।

২.৪ আগ্রহী ব্যক্তিগণকে এ প্রসপেক্টাসের সাথে সংযুক্ত আবেদন পত্রের ফরমটি বিমুক্ত করে যথাযথভাবে পূরণ পূর্বক বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের মধ্যে ২.১ অনুচ্ছেদে বর্ণিত ব্যাংকে জমা দিতে হবে।

২.৫ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। তারা অবশ্যই জামানতের সমপরিমান অর্থ পাউন্ড স্টার্লিং/আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে FC A/C. No -0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDH002, Basic Bank Limited (Main Branch), Motijheel, Dhaka, Bangladesh এর মাধ্যমে প্রদান করবেন। তাদের ক্ষেত্রে নোটারী পাবলিক / বাংলাদেশ দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনকারী বিদেশ হতে কুরিয়ার সার্ভিস যোগে বা হাতে হাতে Chairman, National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh এই ঠিকানায় আবেদনপত্র প্রেরণ করবেন।

২.৬ যে সকল আবেদনকারী ফ্ল্যাট পাবেন না, জামানতের টাকা সরাসরি নিজ একাউন্টে ফেরত পেতে ইচ্ছুক হলে তাঁদেরকে অবশ্যই আবেদনপত্রের ক্রমিক নং-১৮ এ উল্লেখিত ছকে অনলাইন ব্যাংকিং সুবিধাযুক্ত বাংলাদেশের যেকোন ব্যাংকের হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখা এবং রাউটিং নম্বর উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনকারীর স্বাক্ষরিত আবেদন প্রাপ্তি ও জামানতের টাকা জমা প্রদানের রশিদ জমা সাপেক্ষে প্রাপকের হিসাবে প্রদেয় চেকের (Account Payee Cheque) মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দের তালিকা প্রকাশের পর অনধিক ০৩ (তিন) মাসের মধ্যে **নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর-২, ঢাকা** এর অফিস হতে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হবে না এবং আবেদনকারী সুদ দাবী করতে পারবেন না।

## ৩.০ ফ্ল্যাটের মূল্য এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর ঃ

৩.১ ১৩৫৮ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৬৬,৬৩,৪২১/- (ছেষট্টি লক্ষ তেষট্টি হাজার চারশত একুশ টাকা) মাত্র নির্ধারণ করা হয়েছে। প্রতিটি কারপার্কিং এর মূল্য ৪,০০,০০০/- (চার লক্ষ টাকা) নির্ধারন করা হয়েছে। নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে অথবা ফ্ল্যাটের আয়তন হ্রাস/বৃদ্ধির কারণে নির্মাণ ব্যয় বৃদ্ধি পেলে উক্ত ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি পেতে পারে, যা ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে পরিশোধে সম্মত থাকতে হবে। উক্ত বর্ধিত মূল্য বরাদ্দ প্রাপককে শেষ কিস্তির সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলে গণ্য করা হবে এবং প্রদানকৃত সমুদয় টাকার শতকরা ৫% হারে কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে।




৩.২ নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পর এবং বরাদ্দ প্রাপকদের নিকট হতে ফ্ল্যাটের মোট মূল্যের ৫০% পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিজ খরচে সংশিষ্ট অফিসের সাথে যোগাযোগ পূর্বক ইজারা দলিল (Lease Deed) সম্পন্ন করে নিবেন। দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষনাবেক্ষনের দায় দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকদের এবং তাঁরা কমন সার্ভিসসহ যাবতীয় রক্ষনাবেক্ষনের ব্যবস্থা করবেন এবং ব্যয় বহন করবেন। তাছাড়া বৈদ্যুতিক সাব স্টেশন, লিফট, জেনারেটর, পানির পাম্প ইত্যাদি কমন সার্ভিস সমূহ বরাদ্দ প্রাপকের মধ্য হতে নির্বাচিত সমিতির নিকট হস্তান্তর করা হবে এবং যাবতীয় বিল বহনসহ আনুষাঙ্গিক রক্ষনাবেক্ষন ব্যবস্থা সমিতি কর্তৃক পরিচালিত হবে। তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মতামত অবশ্যই গ্রহণ করতে হবে।



৩.৩ কার-পার্কিং এর মূল্য ০৪ (চার) কিস্তিতে পরিশোধ করতে হবে। উল্লেখ্য যে, সকল ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে পার্কিং দেওয়া সম্ভব হবে না এবং লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপকদের মাঝে কারপার্কিং বরাদ্দ দেওয়া হবে। পরবর্তীতে কোন কারনে পার্কিং খালি হলে বরাদ্দ গ্রহীতাদের নিকট হতে আবেদন সংগ্রহক্রমে লটারীর মাধ্যমে বিধি মোতাবেক বরাদ্দ দেওয়া হবে।

৩.৪ প্রকল্পের স্বার্থে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রকল্পের মূল্য তালিকায় যে কোন ধরনের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ব্যাপারে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে না।






**Single Unit of 1358 sft Flat**

## ৪.০ ফ্ল্যাটের কিস্তি পরিশোধ ঃ

৪.১ ফ্ল্যাটের মোট মূল্যের ৫০% টাকা সুদবিহীনভাবে ত্রৈমাসিক ১৬ (ষোল) টি কিস্তিতে পরিশোধ করতে হবে। অবশিষ্ট ৫০% টাকা সর্বোচ্চ ১৬ বৎসরের মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে। বরাদ্দপত্র জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১ম ডাউন পেমেন্টের অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায় বরাদ্দপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল হিসেবে গণ্য হবে। তবে ত্রৈমাসিক কিস্তি শেষ হওয়ার পূর্বেই ফ্ল্যাট রেডি হয়ে গেলে অবশিষ্ট ত্রৈমাসিক কিস্তি এককালীন পরিশোধ সাপেক্ষে ফ্ল্যাটের পজেশন গ্রহণ করতে পারবে।

৪.২ ফ্ল্যাটের দখল হস্তান্তরের পর অবশিষ্ট ৫০% অর্থ ২% সার্ভিস চার্জসহ এককালীন বা সর্বোচ্চ ১৬ বৎসরে ৯% সুদসহ মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে।

৪.৩ নির্দিষ্ট সময়সীমার মধ্যে বরাদ্দ গ্রহীতা ফ্ল্যাটের ত্রৈমাসিক/মাসিক কিস্তির অর্থ জমা দিতে ব্যর্থ হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর পূর্ব অনুমতি সাপেক্ষে ০৩ (তিন) মাসের মধ্যে অতিরিক্ত ১৩% সুদসহ কিস্তির অর্থ জমা দিতে পারবেন। ০৩ (তিন) মাস অতিক্রান্ত হলে ০৬ (ছয়) মাসের মধ্যে অতিরিক্ত ১৬% সুদসহ কিস্তির অর্থ জমা দিতে পারবেন। ০৬ (ছয়) মাসের অধিক সময় খেলাপী হলে কেন বরাদ্দ বাতিল করা হবে না ব্যাখ্যা চাওয়া হবে এবং যুক্তিসঙ্গত কারণ বিবেচনায় ০১ (এক) বৎসর পর্যন্ত ১৮% সুদ দিতে হবে। বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হলে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হবে এবং জমাকৃত টাকার ৫% হারে কর্তন করে অবশিষ্ট অর্থ মূল আবেদনকারী অথবা উত্তরাধিকারীকে ফেরত প্রদান করা হবে।

৪.৪ ফ্ল্যাটের জন্য বিদেশে কর্মরত বরাদ্দ প্রাপককে ফ্ল্যাটের মূল্যের ৫০% অর্থ পাউন্ড স্টার্লিং/আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC A/C. No- 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDH002, Basic Bank Limited (Main Branch), Motijheel, Dhaka, Bangladesh এর মাধ্যমে প্রদান করতে হবে।

৪.৫ বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের মূল্য একাধিক কিস্তি একত্রে অথবা এককালীন পরিশোধ করতে পারবেন।

৪.৬ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড স্টার্লিং/ আমেরিকান ডলার অথবা এফ সি একাউন্টস এর মাধ্যমে বাংলাদেশী মুদ্রায় ফ্ল্যাটের মূল্য পরিশোধ করতে পারবেন। সরকার (এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে তা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। বৈদেশিক মুদ্রার বিনিময় হারের জন্য জামানত/ জমাকৃত অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পেলে তা গ্রহণে সম্মত থাকতে হবে।

৪.৭ বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের মূল্য একাধিক কিস্তি একত্রে অথবা এককালীন পরিশোধ করতে পারবেন। অনুচ্ছেদ ৪.১ ও ৪.২ এ বর্ণিত কিস্তি ভিত্তিক /এককালীন মূল্য পরিশোধের সিডিউল বরাদ্দপত্রের সাথে সরবরাহ করা হবে।

## ৫.০ বরাদ্দ বাতিলকরণ, উচ্ছেদ করণ/ফ্ল্যাটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ ঃ

৫.১ বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত বা ধারা লঙ্ঘন করলে বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে এবং তাঁকে বিধি মোতাবেক উচ্ছেদ করা যাবে।

৫.২ ফ্ল্যাট গ্রহীতা কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমোদন ব্যতীত ফ্ল্যাটের বন্ধক, লীজস্বত্ব, বায়না, পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার) প্রদান করতে পারবেন না। এ শর্ত ভঙ্গের কারণে কোন কারণ দর্শানো ব্যতীত তাঁর বরাদ্দপত্র বাতিল হবে।

৫.৩ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত অন্য কোন ব্যক্তির নিকট ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর/ পুনঃ বরাদ্দ করা যাবে না।

৫.৪ বরাদ্দকৃত ফ্ল্যাটের বিপরীতে পরিশোধযোগ্য সমুদয় টাকা পরিশোধের পূর্বে বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি যদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট বরাদ্দকৃত ফ্ল্যাট সমর্পনের জন্য লিখিত আবেদন করেন, সেক্ষেত্রে হালনাগাদ পর্যন্ত জমাকৃত সমুদয় টাকার (বিনা সুদে) ৫% কর্তন সাপেক্ষে ফ্ল্যাট সমর্পনের জন্য সম্মতি দেয়া হবে।

৫.৫ বরাদ্দপ্রাপকের মৃত্যুজনিত ক্ষেত্রে বৈধ ওয়ারিশগনকে মৃত্যুর পরবর্তী ০১ (এক) বৎসর সময়-সীমার মধ্যে কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে। ওয়ারিশগণ সংশোধিত বরাদ্দ পত্র গ্রহণ করে অবশিষ্ট কিস্তির সমুদয় টাকা নিয়মিতভাবে পরিশোধ করতে বাধ্য থাকবেন। ওয়ারিশগণ টাকা পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত টাকার ৫% কর্তন করে ০৩ (তিন) মাসের মধ্যে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।



৫.৬ যে সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দ পেয়ে পরবর্তীতে নিতে আগ্রহী হবেন না তাদের জামানতের অর্থ হতে ৫% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

## ৬.০ ফ্ল্যাট বরাদ্দ প্রদানের নিয়মাবলী/শর্তাবলী

৬.১ আবেদনকারী আবেদনপত্রের ক্রমিক নং-১৪ এ সুস্পষ্টভাবে অনুচ্ছেদ ৬.২ এ বর্ণিত ক্যাটাগরি/কোটা উল্লেখ করবেন। কোন আবেদনকারী নিম্নবর্ণিত (ক) হতে (ঢ) কোটায় অন্তর্ভুক্ত না হলে অন্যান্য কোটা (ত) এ তার পেশার বিষয় উল্লেখ করতে হবে।

৬.২ কোটার হার নিম্নরূপ-

| ক্রঃ নং | কোটার বিবরণ | সাব কোটা | কোটার হার |
|---|---|---|---|
| (ক) | সরকারী কমকর্তা/কর্মচারী (১৮%) | সিনিয়র সচিব/সচিব/অতিরিক্ত সচিব পদমর্যাদা /১ম গ্রেড হতে ২য় গ্রেড পর্যন্ত। | ২% |
| | | যুগ্ম-সচিব পদমর্যাদা /৩য় গ্রেড থেকে ৪র্থ গ্রেড পর্যন্ত। | ২% |
| | | উপ-সচিব পদমর্যাদা/৫ম গ্রেড | ৪% |
| | | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব পদমর্যাদা/৬ষ্ঠ গ্রেড থেকে ৯ম গ্রেড পর্যন্ত। | ৬% |
| | | ১০ম গ্রেড হতে তদনিম্ন | ৪% |
| (খ) | সাংবিধানিক পদে কর্মরত সরকারী কর্মকর্তাগণ | | ১% |
| (গ) | মহামান্য বিচারপতিগণ (হাইকোর্ট ও আপীল বিভাগ) | | ১% |
| (ঘ) | বিচার বিভাগীয় কর্মকর্তাগণ [সহকারী জজ হতে জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণ] | | ২% |
| (ঙ) | আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী | | ৮% |
| (চ) | বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী | | ১২% |
| (ছ) | বিদেশে কর্মরত ব্যক্তি | | ৬% |
| (জ) | মুক্তিযোদ্ধা | | ৪% |
| (ঝ) | ব্যবসায়ী | | ৮% |
| (ঞ) | অবসরপ্রাপ্ত চাকুরীজীবি | | ৪% |
| (ট) | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তর | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয় | ৩% |
| | | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ৩% |
| | | গণপূর্ত অধিদপ্তর | ২% |
| | | স্থাপত্য অধিদপ্তর | ১% |
| (ঠ) | অর্থ বিভাগ + আইএমইডি + পরিকল্পনা কমিশনের ভৌত কাঠামো বিভাগের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের সংশিষ্ট কর্মকর্তা | | ১% |
| (ড) | প্রকল্প এলাকার জমি অধিগ্রহণজনিত ক্ষতিগ্রস্থ | | ৩% |
| (ঢ) | বিশেষ পেশা (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবি, কৃষিবিদ ইত্যাদি) | | ৬% |
| (ণ) | সংরক্ষিত কোটা | | ১০% |
| (ত) | অন্যান্য | | ৭% |
| | | সর্বমোট | ১০০% |



৬.৩ অনুচ্ছেদ ৬.২ (ক) এ বর্ণিত সরকারী চাকুরীজীবিদের ক্ষেত্রে অনুচ্ছেদ ৬.৪ অনুযায়ী আবেদনকারীগণের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্তগণকে বরাদ্দ প্রদান করা হবে। একই নম্বরের একাধিক আবেদনকারী থাকলে জন্ম তারিখের ভিত্তিতে বয়োজেষ্ঠ্য আবেদনকারীগণকে বরাদ্দ প্রদান করা হবে।

৬.৪ সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবিদের ক্ষেত্রে মোট ১০০ নম্বরের বিভাজন নিম্নরূপ-

(ক) বয়স-৫৯ (সর্বোচ্চ)

(খ) বর্তমান বেতন স্কেল (মূল বেতন)-৩৮ (সর্বোচ্চ)

(গ) সরকারি চাকুরীর বয়স-০৩ (সর্বোচ্চ) (১-১০ বৎসর = ১, ১১-২০ = ২, ২১-তদুর্দ্ধ=৩)

৬.৫ বেতন স্কেলের ক্ষেত্রে সরকারী প্রজ্ঞাপন অনুসরণ করা হবে। ভাতা, বিশেষ ভাতা ও অন্যান্য কোন আর্থিক সুবিধা বেতন স্কেলের সাথে যোগ করা যাবে না। আবেদনকারীগণ সুস্পষ্টভাবে আবেদনপত্রে জাতীয় বেতন স্কেল উল্লেখ করবেন এবং তা প্রমাণের জন্য সর্বশেষ মাসের বেতন উত্তোলনের সত্যায়িত ফটোকপি দাখিল করবেন ।

৬.৬ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং প্রকল্প বাস্তবায়নকারী বিভিন্ন অধিদপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণ সংরক্ষিত কোটায় আবাসিক ফ্ল্যাট বরাদ্দের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে। এ ক্ষেত্রে আবেদনকারীকে চাকুরী স্থায়ী সংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে।

৬.৭ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের (পদায়ন/প্রেষণে নিয়োজিত) ন্যূনতম ০১ (এক) বৎসরের চাকুরীকাল পূর্ণ হতে হবে।

৬.৮ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে চাকুরীতে স্থায়ী হতে হবে।

৬.৯ মন্ত্রণালয়ে পদায়ন/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরীর মেয়াদ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে ০৩ (তিন) বৎসর পূর্ণ হওয়ার পর অন্যত্র বদলী হলেও তিনি মন্ত্রণালয়ের কোটায় ফ্ল্যাট বরাদ্দের সুযোগ পাবেন।

৬.১০ কোন কোটায় ফ্ল্যাটের সংখ্যা অপেক্ষা দরখাস্ত কম হলে অথবা দরখাস্ত না পাওয়া গেলে ফ্ল্যাট বরাদ্দ কমিটি অন্যান্য কোটায় তা সমন্বয় করবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৬.১১ বেসরকারী ব্যক্তিগণের ক্ষেত্রে লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে।

৬.১২ আলোচ্য প্রকল্পের আওতায় নির্মাণাধীন ভবনসমূহে বরাদ্দ প্রাপকগণ কর্তৃক ফ্ল্যাট সমর্পন, কিস্তি পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দ বাতিল অথবা অন্য কোন কারনে পরবর্তীতে খালি ফ্ল্যাটের সংখ্যা বৃদ্ধি পেলে এই বিজ্ঞপ্তির আওতায় আবেদনকারীগণের মধ্য হতে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা যাবে।

৬.১৩ ইতোপূর্বে ঢাকার মিরপুরস্থ বাতিলকৃত আনন্দনগর প্রকল্পের লটারীতে বিজয়ী আবেদনকারীগণের মধ্যে অদ্যাবধি যারা জামানতের টাকা ফেরত নেননি, তারা এই প্রকল্পের ফ্ল্যাটের জন্য আবেদন করলে তাদের আবেদনপত্র অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে। সেক্ষেত্রে যে আয়তনের ফ্ল্যাটের জন্য আবেদন করা হবে উক্ত আয়তনের বিপরীতে ২.২ অনুচ্ছেদে উল্লেখিত জামানতের টাকা হতে পূর্বের জমাকৃত ৫০,০০০/- টাকা বাদ দিয়ে বাকী টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে জমা দিতে হবে। এছাড়া পূর্বের আবেদনের জমা রশিদের সত্যায়িত কপি, লটারীর ফলাফলের তালিকা আবেদনের সাথে জমা দিতে হবে।

৬.১৪ যে কোন ধরণের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## ৭.০ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী/শর্তাবলী-

৭.১ প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের স্ব-অর্থায়নে বাস্তবায়িত হবে।

৭.২ আলোচ্য প্রকল্পের আওতায় ১৪-তলা বিশিষ্ট ০৬ (ছয়) টি ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত ০৬ টি ভবনের মধ্যে ০২ টি ভবনে ১৫৬০ বর্গফুট আয়তনের ২০৮ টি এবং ০৪ টি ভবনে ১৩৫৮ বর্গফুট আয়তনের ৪১৬ টি অর্থাৎ সর্বমোট ৬২৪ টি ফ্ল্যাট নির্মাণ করা হবে। তন্মধ্যে ১৩৫৮ বর্গফুট আয়তনের অবশিষ্ট ১৫১টি (কম/বেশী) ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে।

৭.৩ প্রতিটি ভবনের বেইজমেন্ট এবং নীচতলা কারপার্কিং এর জন্য ব্যবহৃত হবে।

৭.৪ ফ্ল্যাট বিল্ডিং এর যাবতীয় মেরামতসহ অন্যান্য সুবিধাদি ও বসবাসের পরিবেশ বজায় রাখা বরাদ্দ গ্রহীতাগণ যৌথভাবে পালন করবেন। তাঁরা এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমতিক্রমে একটি সমিতি গড়ে তুলবেন। আবাসিক ভবন সমূহের আনুষাঙ্গিক এবং সাধারণ সুবিধাদি ইজারা দলিলে (Lease Deed) প্রতিফলিত হবে।

৭.৫ প্রকল্প সম্পূর্ণরূপে শেষ হওয়ার পর বরাদ্দ গ্রহিতাদের নিকট হস্তান্তরকৃত ফ্ল্যাটের পূর্ত কাজের কোন মেরামত/পরিবর্ধন/পরিবর্তন কর্তৃপক্ষ করতে বাধ্য থাকবেন না। তবে লিফ্‌ট, সাব-স্টেশন ও জেনারেটর বা অন্যান্য বৈদ্যুতিক/যান্ত্রিক যন্ত্রাংশ দরপত্রের শর্তানুযায়ী ওয়ারেন্টি/গ্যারান্টি সময়কাল পর্যন্ত মেরামত/পরিবর্তন/পরিবর্ধন করা যাবে। দরপত্রের শর্ত মোতাবেক ওয়ারেন্টি/গ্যারান্টি পিরিয়ড শেষ হওয়ার পর কর্তৃপক্ষ আর কোন মেরামত করবে না। সেক্ষেত্রে বরাদ্দ গ্রহীতাদের সমন্বয়ে গঠিত কমিটি ভবনটি পরিচালনা করবে।

৭.৬ কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যেকোন দরখাস্ত বাতিল বা গ্রহণ করতে পারবেন এবং যেকোন শর্ত ইজারা দলিল (Lease Deed) সম্পাদিত হবার পূর্বেই বদল/সংশোধন করতে পারবেন। যারা ফ্ল্যাটের বরাদ্দ পাবেন তাঁরা ৯৯ বছরের লীজ শর্তে সংশ্লিষ্ট ফ্ল্যাটটির Leasee হবেন, কিন্তু রাস্তা বা খালি জায়গার অধিকারী হবেন না / মালিকানা দাবী করা যাবে না।

৭.৭ বরাদ্দকৃত দালানটি যে পরিমাণ জায়গার উপরে নির্মিত সে পরিমাণ জায়গার আনুপাতিক হারে অবিভক্ত ও অবন্টনকৃত অবস্থায় Lease Deed এ অন্তর্ভূক্ত থাকবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ তার নিজস্ব নীতিমালা ও নিয়ম কানুনের আলোকে খালি জায়গা ব্যবহারের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষন করবেন।

৭.৮ বরাদ্দপ্রাপ্ত ফ্ল্যাটগুলি আবাসিক ব্যবহার ব্যতীত অন্য কাজে ব্যবহার করা যাবে না।

৭.৯ ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে পূর্বাণুমতি গ্রহণ করতে হবে।

৭.১০ ফ্ল্যাট বরাদ্দের তথ্য/ফলাফল জাতীয় দৈনিক পত্রিকায় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট www.nha.gov.bd এ প্রকাশ করা হবে।

## ৮.০ আবেদনকারীগণকে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সাথে দাখিল করতে হবে-

৮.১ বাংলাদেশের যে কোন সিডিউলভুক্ত ব্যাংক হতে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর ১৩৫৮ বর্গফুট (সিঁড়ি, লিফ্‌ট, লবি ও কমনস্পেসসহ ) আয়তনের ফ্ল্যাটের জন্য ২,০০,০০০/- ( দুই লক্ষ) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ সংশ্লিষ্ট ব্যাংক একাউন্ট নম্বরে নগদ জমা রশিদের কপি দাখিল করতে হবে।

৮.২ আবেদনকারী চাকুরীজীবী হলে তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/অফিস প্রধান এর নিকট হতে আবেদনকারীর পরিচিত নাম, পদবী, বয়স, মাসিক মূল বেতন এবং চাকুরীতে যোগদানের তারিখ উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে (আবেদনকারী নিজে অফিস প্রধান হলে প্রত্যয়নপত্র নিজ স্বাক্ষরে দাখিল করবেন)।

৮.৩ সর্বশেষ মাসের বেতন উত্তোলনের সত্যায়িত ফটোকপি।

৮.৪ প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। ৬.২ (ঢ) এ উল্লেখিত পেশাজীবি গ্রুপ ব্যতীত আবেদনকারীগণ, যাদের বাৎসরিক আয় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার নিচে, তাদের আয়ের সপক্ষে ১ম শ্রেণীর গেজেটেড অফিসার / স্বায়ত্তশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/মেয়র, পৌরসভা কর্তৃক সার্টিফিকেট দাখিল করতে হবে।

৮.৫ যাদের বাৎসরিক আয় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার উর্ধ্বে তাদেরকে আয়কর সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮.৬ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপত্র/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৮.৭ মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান ও স্ত্রী উক্ত প্রকল্পের জন্য আবেদন করতে পারবেন।

৮.৮ অবসরপ্রাপ্ত চাকুরীজীবিকে অবসর গ্রহণের নোটিফিকেশন, শেষ বেতন স্কেল ও মোট বেতনের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্বশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করত: আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৮.৯ প্রকল্প এলাকার জমি অধিগ্রহণজনিত ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ আবেদন করতে পারবেন, তবে তাদেরকে এওয়ার্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৮.১০ বিশেষ পেশার (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবি, কৃষিবিদ ইত্যাদি) আবেদনকারীগণকে স্ব-স্ব রেজিষ্টার্ড কেন্দ্রীয় সংগঠনের প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করতে হবে।

৮.১১ সাংবাদিক কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সাংবাদিকতার সদনপত্রের সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবে।

৮.১২ বিদেশে কর্মরত আবেদনকারীগণ প্রসপেক্টাস ও জামানতের টাকা সংশ্লিষ্ট সুইফট কোডের মাধ্যমে জমাকৃত মূল রশিদ, বাংলাদেশী দূতাবাস বা সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক কর্তৃক প্রদত্ত হলফনামা (পরিশিষ্ট-১), বিদেশে থাকার প্রমাণক হিসেবে কমর্রত প্রতিষ্ঠানের প্রত্যয়ন, বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের ফটোকপি, কর্তৃপক্ষের ওয়েব সাইট www.nha.gov.bd হতে ডাউনলোডকৃত পূর্নাঙ্গ আবেদনপত্র ০৩ (তিন) কপি ছবিসহ কুরিয়ার সার্ভিসযোগে বা হাতে হাতে বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।

৮.১৩ প্রসপেক্টাসে উল্লেখ নেই এমন পেশার লোকজন অন্যান্য কোটায় আবেদন করতে পারবেন। এক্ষেত্রে পেশার নাম উল্লেখ পূর্বক ও বাৎসরিক আয়সহ ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে। প্রসপেক্টাসে উল্লেখিত প্রাসঙ্গিক অন্যান্য কাগজপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

৮.১৪ বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/এস.এস.সি বা সমমানের পরীক্ষা পাশের সত্যায়িত সনদপত্র/পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি।

৮.১৫ আবেদনপত্রের সাথে আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

৮.১৬ ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২ কপি আবেদনপত্রে ও ১ কপি হলফনামায় সংযুক্ত করতে হবে)।

৮.১৭ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর)/রাজউক (সাবেক ডিআইটি) কিংবা অন্য কোন সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকা সমূহে নিজ নামে, স্ত্রী/স্বামী (কর্মজীবি স্ত্রী/স্বামীর ক্ষেত্র ব্যতীত)/সন্তান/পোষ্যের নামে অথবা বেনামে ইতোপূর্বে কোন প্লট/ফ্ল্যাট বা জমি বরাদ্দ গ্রহণ করা হয়নি মর্মে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্য মানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে বিজ্ঞপ্তি জারীর তারিখের পরে সম্পাদিত হলফনামা (পরিশিষ্ট-১)।

## ৯.০ যে সকল কারনে আবেদনপত্র সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে-

৯.১ অসম্পূর্ণ/অস্বাক্ষরিত/অসত্য/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র।

৯.২ ঘষামাজা/ফ্লুইড দেয়া আবেদনপত্র।

৯.৩ নিজ নামে ইস্যুকৃত আবেদনপত্র ব্যতীত অন্য আবেদনপত্র।

৯.৪ ফটোকপিকৃত আবেদনপত্র।

৯.৫ অনুচ্ছেদ ৮.০ এর চাহিত কাগজপত্র কোন একটি বাদ পড়লে।

৯.৬ অসত্য হলফনামা দাখিল করলে।

## ১০.০ ভবনের আনুষঙ্গিক তথ্যাদি ও সুযোগ-সুবিধাদি-

১০.১ ভবনগুলো RCC Frame Structure, Stone Chips Concrete দ্বারা নির্মিত হবে এবং ACI & BNBC Code অনুসরণ করা হবে।

১০.২ ভূমিকম্প ও ঝড় প্রতিরোধক হবে।

১০.৩ প্রতিটি ফ্ল্যাটের

মেঝে : সকল কক্ষের মেঝেসমূহ এবং সিঁড়ি, লবি কমনস্পেস সমূহ টাইলসকৃত।

দেয়াল : ৫'' ইটের দেয়াল উভয় পাশে প্লাস্টার করত: ভিতর পার্শ্বে Plastic Paint এবং বহিঃপার্শ্বে Weather coat Paint.

দরজা : প্রবেশ পথের দরজা Chittagong Teak wood এবং ভিতরের দরজা Veneered Flash Door.

জানালা : থাই এ্যালুমিনিয়াম গ্লাস দ্বারা নির্মিত স্লাইডিং জানালা।

বাথরুম : স্থানীয়ভাবে তৈরী উন্নতমানের স্যানিটারী সামগ্রী। ফ্লোর এবং দেয়ালসমূহ Local Glazed Tiles.

রান্নাঘর : ফ্লোর এবং দেয়ালসমূহে Glazed Tiles, Exhaust Fan, Stainless Steel Sink.

১০.৪ বৈদ্যুতিক : সর্বাধিক ৪.০০ কিলোওয়াট, ২২০ ভোল্ট বিদ্যুৎ ব্যবহারের সুব্যবস্থা, স্বতন্ত্র বৈদ্যুতিক মিটার, Concealed conduit wiring, Earthing connection, Concealed Telephone/ Intercom/ TV/ Stand by Generator/ Lift./ Emergency Light / Fan Points এর ব্যবস্থা থাকবে।

১০.৫ অগ্নি নির্বাপক ব্যবস্থা : প্রচলিত অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকবে।

১০.৬ BNBC অনুসরণে পর্যাপ্ত Open Space রাখা হবে।

১০.৭ উক্ত Specification এর বাহিরে কোন কাজের চাহিদা থাকলে বরাদ্দ প্রাপক পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিজ দায়িত্বে করতে পারবেন। এ ক্ষেত্রে দালানের বহিরাকৃতি মূল নকশার কোন পরিবর্তন করা যাবে না।

## ১১.০ চুক্তিপত্র সম্পাদন:

১১.১ দখলপত্র গ্রহণের সময় বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে নির্ধারিত শর্তাবলী প্রতিপালনের লক্ষ্যে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্য মানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

## ১২.০ ইজারা দলিল সম্পাদন ও অন্যান্য

১২.১ ফ্ল্যাটের সমুদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করতে হবে।

১২.২ বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা কোন হাউজিং এস্টেট এর জন্য প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলে দাবী করতে পারবে না।

১২.৩ প্রসপেক্টাস অনুমোদনকারী কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময় প্রসপেক্টাসে বিদ্যমান অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন এবং নতুন অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।

১২.৪ এ প্রসপেক্টাসে উল্লেখিত যে কোন শর্ত সম্পর্কে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ব্যাখ্যা চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

মোঃ দেলওয়ার হায়দার
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
ফোন ০২-৯৫৬২৭৬২
ই-মেইল- chairman@nha.gov.bd

পরিশিষ্ট-১

৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে

## "হলফনামার নমুনা"

আমি : ---------------------------------------------------------------------------------------------------

পিতা : ---------------------------------------------------------------------------------------------------

মাতা : ---------------------------------------------------------------------------------------------------

স্বামী/স্ত্রী : ---------------------------------------------------------------------------------------------------

জন্ম তারিখ : ---------------------------------------------------------------------------------------------------

১৬.০৬.২০২২ খ্রি. তারিখে বয়স : ---------------------------বছর------------------মাস---------------------------দিন

পেশা : ---------------------------------------------------------------------------------------------------

বর্তমান ঠিকানা : ---------------------------------------------------------------------------------------------------

স্থায়ী ঠিকানা : ---------------------------------------------------------------------------------------------------

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক ফ্ল্যাটের প্রয়োজন। আরও ঘোষণা করছি যে, আমার নিজ নামে বা স্বামী/স্ত্রী (কর্মজীবি স্বামী/স্ত্রীর ক্ষেত্র ব্যতীত)/সন্তান/পোষ্যের নামে ইতোপূর্বে গৃহসংস্থান অধিদপ্তর (বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ)/অন্য কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত (রাজউক ও সিটি কর্পোরেশন) প্রতিষ্ঠান হতে ঢাকা মহানগরীর কোন স্থানে প্লট/ফ্ল্যাট বরাদ্দ পাইনি।

আমি আরও অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত শর্তাবলী মেনে চলব।

উপরোক্ত ঘোষণা সত্য ও নির্ভুল।

----------------------------

হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন।
আমি তার পরিচয়দানকারী।

-------------------------------------

নোটারী পাবলিক/প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

এ্যাডভোকেট



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা,
ঢাকা-১০০০
www.nha.gov.bd

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন ঢাকার মিরপুরস্থ ১৬ নং সেকশনে (ধামালকোট) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের নিকট বিক্রির জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্পের (গৃহসূচনা) আওতায় ১৩৫৮ বর্গফুট (সিঁড়ি, লিফ্‌ট, লবি ও কমনস্পেসসহ) আয়তনের অবশিষ্ট ১৫১টি (কম/বেশী) আবাসিক ফ্ল্যাট বরাদ্দের

| আবেদনপত্রের ক্রমিক নম্বর | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |

অফিস কর্তৃক পূরণ করা হবে।

# আবেদনপত্র

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি
১ (এক) কপি সুদৃঢ় ভাবে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে।

১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে)ঃ বাংলায়................................................
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) ................................................

২। পিতার নাম : বাংলায় ................................................
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) ................................................

৩। মাতার নাম : বাংলায়................................................
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) ................................................

৪। স্বামী/স্ত্রীর নাম : বাংলায় ................................................
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) ................................................

৫। আবেদনকারীর জন্ম তারিখ : ................................................

৬। বয়স ১৬.০৬.২০২২ খ্রি. তারিখে বয়স : ..........................বছর..........................মাস..........................দিন

৭। বর্তমান ঠিকানা : ................................................
................................................ মোবাইল/টেলিফোন নম্বর:................................

৮। স্থায়ী ঠিকানা : ................................................

৯। জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট নং................................................

১০। পেশার বিবরণ :

(ক) অফিস/সংস্থার নাম : ................................................

(খ) পদের নাম : ................................ (গ) বর্তমান বেতন স্কেল : ................................

(ঘ) মুল বেতন : ................................ (ঙ) চাকুরীতে যোগদানের তারিখ : ................................

(চ) বার্ষিক মোট আয় : ................................................

১১। ই টি আই এন (যদি থাকে) : ................................................

১২। প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর : ..........................তারিখ :................................

১৩। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং- ................................
তারিখ................................ব্যাংকের নাম ................................ শাখা................................
টাকার পরিমাণ................................ কথায় : ................................

১৪। ক্যাটাগরী/কোটা................................................
(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১৫। আবেদনকৃত ফ্ল্যাটের আয়তন ................................................
(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)

**১৬। আনন্দনগর প্রকল্পে লটারীতে বিজয়ী আবেদনকারীদের ক্ষেত্রে প্রযোজ্য :**

(ক) বরাদ্দপ্রাপ্ত ফ্ল্যাটের বিবরণ : ভবন নং......................, ফ্ল্যাট নং ................................ (লটারীর ফলাফল সংযুক্ত করতে হবে)

(খ) আনন্দনগর প্রকল্পের আবেদনপত্র জমা রশিদ নং ........................, তারিখ ............................(মূল কপি সংযুক্ত করতে হবে)।

১৭। হলফনামার তারিখ : ................................................

১৮। আবেদনকারী বাংলাদেশের যে ব্যাংক হিসাবে সরাসরি (অনলাইন ব্যাংকিং সুবিধা থাকতে হবে) জামানত ফেরত পেতে আগ্রহী :

(ক) হিসাব নম্বর------------------------------ (খ) রাউটিং নম্বর------------------------------

(গ) ব্যাংকের নাম ------------------------------ (ঘ) শাখা ------------------------------

(ঙ) Swift Code (যদি থাকে) : ------------------------------

আমি ঘোষনা করছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

--------------------------------
(আবেদনকারীর স্বাক্ষর)

আবেদনের তারিখ :

(বিঃদ্রঃ আবেদনপত্র পূরণ করার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন)